



কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৩৭/এ, সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম।
www.kgdcl.gov.bd
পার্সোনেল শাখা (প্রশাসন)

জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ
অগ্রাধিকার

নম্বর: ২৮.১৫.০০০০.০০০.১০৮.৪৮.০০০২.২৩.১৫

তারিখ: ২২ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৬ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২৫ পঞ্জিকা বর্ষের গোপনীয় অনুবেদন ফরম পূরণ, মূল্যায়ন ও নির্ধারিত সময়ের মধ্যে জমা প্রদান।

কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল)-এর কর্মকর্তাগণের ২০২৫ পঞ্জিকা বর্ষের “গোপনীয় অনুবেদন (এসিআর)” ফরম (০২ প্রস্থ) বিধি অনুযায়ী মূল্যায়ন করা প্রয়োজন। এক্ষেত্রে কোম্পানির কর্মকর্তাগণ অনুমোদিত গোপনীয় অনুবেদন (সিআর) ফরম (গ্রেড-৯ হতে তদুর্ধ্ব এবং গ্রেড-১০) কেজিডিসিএল- এর ওয়েবসাইট হতে ডাউনলোডপূর্বক A4 সাইজ কাগজে উভয় পৃষ্ঠায় প্রিন্ট করে স্বহস্তে পূরণপূর্বক দাখিল করবেন। সিআর ফরম পূরণ/মূল্যায়নের ক্ষেত্রে অনুবেদনাধীন কর্মকর্তা, অনুবেদনকারী কর্মকর্তা ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাগণের যথাযথ বিধি বিধান এবং সিআর ফরমে বর্ণিত নির্দেশনা অনুসরণ করা আবশ্যিক।

২। কোনো অনুবেদনাধীন কর্মকর্তা একই পঞ্জিকা বর্ষে কোনো নিয়ন্ত্রণকারী (অনুবেদনকারী) কর্মকর্তার অধীন কমপক্ষে ৩ মাস কর্মরত থাকলে তাঁর নিকট হতে সিআর মূল্যায়ন করা আবশ্যিক। এক্ষেত্রে একই পঞ্জিকা বর্ষে একাধিক নিয়ন্ত্রণকারীর (অনুবেদনকারী) অধীনে ০৩ মাস বা তার বেশি সময় কর্মরত থাকলে সেক্ষেত্রে আলাদা নিয়ন্ত্রণকারী (অনুবেদনকারী) কর্মকর্তার জন্য আলাদা সিআর ফরম ব্যবহার করতে হবে।

৩। অনুবেদনাধীন কর্মকর্তা সিআর ফরম সতর্কতার সাথে যথাযথভাবে পূরণপূর্বক ৩১ জানুয়ারি, ২০২৬ এর মধ্যে অনুবেদনকারী কর্মকর্তার নিকট, অনুবেদনকারী কর্মকর্তা সিআর ফরম যথানিয়মে অনুস্বাক্ষরপূর্বক ২৮ ফেব্রুয়ারি, ২০২৬ এর মধ্যে প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা সিআর ফরম যথানিয়মে প্রতিস্বাক্ষরপূর্বক ৩১ মার্চ, ২০২৬ এর মধ্যে উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) এর নিকট গোপনীয় বদ্ধ খামে প্রেরণ করবেন।

৪। প্রশাসনিক স্বচ্ছতার স্বার্থে সংশ্লিষ্ট অনুবেদনাধীন কর্তৃক সিআর ফরম অগ্রগামী পত্রের মাধ্যমে অনুবেদনকারীকে, অনুবেদনকারী কর্তৃক সিআর ফরম বদ্ধখামে অগ্রগামী পত্রের মাধ্যমে প্রতিস্বাক্ষরকারীকে এবং প্রতিস্বাক্ষরকারী মূল্যায়িত এসিআর বদ্ধ খামে উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)-এর নিকট অগ্রগামী পত্রের মাধ্যমে প্রেরণ করবে। উল্লেখ্য, সংশ্লিষ্ট অনুবেদনাধীন এবং অনুবেদনকারী কর্তৃক এসিআর অগ্রগামীকরণ পত্রের অনুলিপি উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)-এর নিকট প্রেরণ করবে।

৫। বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন মূল্যায়নের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ অনুসরণ করতে হবে।


৬। অনুবেদনাধীন, অনুবেদনকারী এবং প্রতিস্বাক্ষরকারী প্রত্যেককেই এসিআর ফরমে তাঁর জন্য নির্ধারিত অংশ যথাযথভাবে পূরণ করে স্বাক্ষর, প্রদত্ত নম্বর অঙ্কে ও কথায় লেখা, সিল প্রদান, ও প্রয়োজ্য ক্ষেত্রে প্রাপ্ত পদবি, কর্মস্থল ও তারিখ আবশ্যিকভাবে লিপিবদ্ধ করতে হবে। কোন কলাম ফাঁকা রাখা যাবে না। কোন বছর/সময়ের এসিআর প্রয়োজ্য না হলে উপযুক্ত প্রমাণক প্রেরণ নিশ্চিত করতে হবে। উল্লেখ্য, অসম্পূর্ণ এসিআর সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭। নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত, অনুস্বাক্ষরিত এবং প্রতিস্বাক্ষরিত এসিআর সাধারণত সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরের ব্যর্থতা সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গৃহীত হবে।

৮। সিআর ফরম পূরণে কোন অসুবিধা দেখা দিলে বা কোন তথ্য জানার প্রয়োজন হলে উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), মোবাইল নং-০১৭৬৮-৬৫৪৪৭৫ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

উপর্যুক্ত নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট সকলকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: ৪ প্রস্থ সংযুক্ত।



০৬-০১-২০২৬
কবির উদ্দিন আহম্মদ
মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সকল মহাব্যবস্থাপক, কেজিডিসিএল, চট্টগ্রাম।।
- ২। সকল উপ-মহাব্যবস্থাপক, কেজিডিসিএল, চট্টগ্রাম।
- ৩। সকল ব্যবস্থাপক, কেজিডিসিএল, চট্টগ্রাম।।
- ৪। সকল কর্মকর্তা, কেজিডিসিএল, চট্টগ্রাম।

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপমহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইটি ডিপার্টমেন্ট, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড [ওয়েবসাইটে আপলোডকরণ]।
- ২। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
- ৩। নোটিশ বোর্ড (প্রধান কার্যালয়/হালিশহর অফিস/ফৌজদারহাট স্থাপনা), ।
- ৪। অফিস কপি, ।

